

ফেব্রুয়ারি, ২০১৯

শ্রেণি : কেজি

বিভাগীয় বার্তা

বাংলা বিভাগ

চিটাগাং গ্রামার স্কুল (ন্যাশনাল কারিকুলাম)

সুপ্রিয় শিক্ষার্থী,

বাংলার প্রকৃতিতে ষড়ঋতু আলপনা আঁকে অফুরন্ত সৌন্দর্যের, প্রকৃতির এই বৈচিত্র্যময়তা আমাদের চোখ জুড়িয়ে হৃদয়কে করে তোলে আনন্দে উদ্বেল। ঋতুচক্রের পালাবদলে মাঘ মাসের প্রায় শেষে অনুভব করছি আমরা ঋতুরাজ বসন্তের আগমনী বার্তা।

সবাইকে মৃদুমনে দখিনা বাতাসের হিমশীতল শুভেচ্ছা এবং নতুন বছরের শুভাশীষ জানাচ্ছি।

১৫ ফেব্রুয়ারি বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। খেলাধূলায় অংশগ্রহণ ও পারদর্শিতা তোমাদেরকে শারীরিক ও মানসিকভাবে উজ্জীবিত করবে। এছাড়াও আছে পিঠা উৎসব। নানা রকমের বাহারি পিঠার সমারোহে আমরা পিঠা উৎসব পালন করবো।

আগামী ১০ ফেব্রুয়ারি হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা। বিদ্যা দেবীর কৃপায় তোমাদের জীবন মঙ্গলময় হোক এই কামনা করছি।

২১ ফেব্রুয়ারি- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস তথা শহিদ দিবস। ১৯৫২ সালের এ দিনে মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষার আন্দোলনে তরুণদের বুকের তাজা রক্তে রাজপথ রঞ্জিত হয়েছিল। 'রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' আমাদের জাতীয় জীবনে 'অমর শহিদ দিবস' হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ইউনেস্কোর সাধারণ সভায় একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়। প্রতিবছরের মতো আমাদের বিদ্যালয়ে এবারও বিভিন্ন কর্মকাণ্ডের সমন্বয়ে তা পালন করা হবে।

আগামী ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস। আশা করছি তোমাদের সরব উপস্থিতিতে উক্ত দিনগুলো যথাযোগ্য মর্যাদায় পালিত হবে।

তোমরা সবাই জেনেছ যে, আমাদের স্কুলের শিক্ষার্থীরা ২০১৮ সালের পিইসিই, জেএসসি ও এসএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে।

পিইসিই পরীক্ষার ফলাফলঃ মোট পরীক্ষার্থী ৬৩ জন, ৪৮ জন A+, ১৩ জন A, ২ জন A-।

জেএসসি পরীক্ষার ফলাফলঃ মোট পরীক্ষার্থী ৪৩ জন, ১১ জন A+, ৩১ জন A, ১ জন B।

এসএসসি পরীক্ষার ফলাফলঃ মোট পরীক্ষার্থী ১৫ জন, ১৩ জন A+(৩ জন গোল্ডেন A+), ২ জন A।

আগামী ২ ফেব্রুয়ারি শুরু হতে যাচ্ছে এসএসসি পরীক্ষা। পরীক্ষার্থীদের উত্তম ফলাফলের জন্য সবাই দোয়া করবে। সবার সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি।

ধন্যবাদ

বাংলা বিভাগ।

✿ প্রথম সাময়িক এর প্রতিযোগিতার বিষয় : ছড়া বলা।